

এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ। স্বল্প খরচে মানসম্মত শিক্ষার দৃঢ় প্রত্যয় নিয়ে দেশের অন্যতম বেসরকারি বিশ্ববিদ্যালয়টি ১৯৯৬ সালের এইদিনে প্রতিষ্ঠা লাভ করে। বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিক্ষাবিদ, অর্থনীতিবিদ, গবেষক ও লেখক ইমেরিটাস অধ্যাপক ড. আবুল হাসান এম সাদেক।

ব্যাপক উৎসাহ-উদ্দীপনা নিয়ে গৌরবোজ্জ্বল রজতজয়ন্তী উদযাপন করতে যাচ্ছে বিশ্ববিদ্যালয়টি। এ উপলক্ষে বর্ষব্যাপী বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। যার মধ্যে রয়েছে রজতজয়ন্তী উদ্বোধন, জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, অ্যалаমনাই মিলন মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, গুণীজন সংবর্ধনা, ক্রীড়া প্রতিযোগিতা, ম্যাথ অলিম্পিয়াডসহ নানা আয়োজন।

বর্তমানে পাঁচটি অনুষদ ও ১৩টি বিভাগ নিয়ে অত্যন্ত যোগ্যতাসম্পন্ন শিক্ষক দ্বারা বিশ্ববিদ্যালয়টি পরিচালিত হচ্ছে। দেশি শিক্ষার্থীদের পাশাপাশি ইউরোপ, আফ্রিকা মহাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের শিক্ষার্থীরা এখানে পড়াশোনা করছেন।

ঢাকার অদূরে আশুলিয়ার বঙ্গবন্ধু রোডে ১০ একর জমির ওপর গড়ে উঠেছে এ বিশ্ববিদ্যালয়ের সুবিশাল স্থায়ী ক্যাম্পাস, যা শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসির নির্দেশনা অনুযায়ী পরিচালিত হচ্ছে। এ ক্যাম্পাসে রয়েছে সুবিশাল খেলার মাঠ, লাইব্রেরি, ডিজিটাল কম্পিউটার ল্যাব, ফ্রি ওয়াইফাই, শিক্ষাবান্ধব ও শান্তিপূর্ণ মনোরম পরিবেশ, ইনডোর ও আউটডোর গেমসের ব্যবস্থা। এ ছাড়াও অত্র বিশ্ববিদ্যালয়ে রয়েছে ফ্রি পরিবহন সুবিধা ও স্বল্প খরচে হোস্টেল সুবিধা।

রজতজয়ন্তীর এ মাহেন্দ্রক্ষণে অত্র বিশ্ববিদ্যালয়ের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত সব অভিভাবক, শিক্ষার্থীসহ দেশের সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন।